



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১৫১/২০২২/১৫১১১

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

মদিনাতুল উলুম ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: উত্তরচর, উপজেলা: মেহেন্দিগঞ্জ, জেলা: বরিশাল-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২১-০১-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২১ থেকে ৩০-০৬-২০২৫ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. দ্রুত সময়ের মধ্যে ৩টি টয়লেট (১টি শিক্ষকদের, ১টি ছাত্রীদের ও ১টি ছাত্রদের জন্য) স্থাপন করতে হবে;
২. কাঁচা/পাকা বাউন্ডারি ওয়ালের ব্যবস্থা করতে হবে;
৩. দ্রুত সময়ের মধ্যে ২ (দুই) জন অফিস সহায়ক অথবা পিওন নিয়োগ দেওয়ার ব্যবস্থা করতে হবে;
৪. লাইব্রেরির জন্য আলাদা কক্ষ ও সেখানে শিক্ষার্থীদের পড়ার ব্যবস্থা করার পাশাপাশি বইয়ের সংখ্যা বৃদ্ধিসহ পত্রিক/মাসিক সাময়িকীর ব্যবস্থা করতে হবে;
৫. ফাজিল শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী বৃদ্ধি ও তাদের ধরে রাখার জন্য নিয়মিত অভিভাবক সমাবেশ করতে হবে;
৬. কমপক্ষে ৩টি কম্পিউটার ও ১টি প্রিন্টার ক্রয় করার পাশাপাশি ইন্টারনেট সংযোগের ব্যবস্থা করতে হবে;
৭. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
৮. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৯. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড, আইডি কার্ড ও মাদরাসায় সিসি টিভির ব্যবস্থা করতে হবে;
১০. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে এবং অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, মদিনাতুল উলুম ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: উত্তরচর, উপজেলা: মেহেন্দিগঞ্জ, জেলা: বরিশাল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১৫১/২০২২/১৫১১১(০৭)

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, মদিনাতুল উলুম ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: উত্তরচর, উপজেলা: মেহেন্দিগঞ্জ, জেলা: বরিশাল।
৭. অফিস নথি।

(আরিফ আহমদ) ০৭.১০.২০২৬

সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫